**পশ্চিমবঙ্গ সরকার**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**
**জেশপ বিল্ডিং (দ্বিতল)**
**৬৩, নেতাজি সুভাষ রোড, কলকাতা-৭০০০০১**

**নং :৪৯০১ (১৯)/আর.ডি /এন.আর.ই.জি.এ / ১৮এস-০১/০৬** **২৬.০৬.২০০৮**

প্রেরক: ড: মানবেন্দ্র নাথ রায়
প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার

প্রাপক: (১) জেলা শাসক ও জেলা প্রোগ্রাম কোঅর্ডিনেটর,
.................................................................................... (সকল জেলা)
(২) অতিরিক্ত নির্বাহী আধিকারিক,
শিলিগুড়ি মহকুমা পরিষদ

**বিষয়: জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি প্রকল্পে কাজের তদারকি ও মজুরি প্রদানের ব্যবস্থাপনা সংক্রান্ত নির্দেশাবলী**

মহাশয়/মহাশয়া,

জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি প্রকল্পে কাজের দৈনন্দিন তদারকির বিষয়ে, এই বিভাগের নং: ৪৩৮৬ (২০) আর.ডি/এন.আর.ই.জি.এ/ ১৮এস-০১/০৬, তাং-৩১.০৭.২০০৬, এবং সংশোধনী নং: ৪৯০০ আর.ডি/এন.আর.ই.জি.এ/ ১৮এস-০১/০৬, তাং: ২৫.০৮.২০০৬ তে বিশদ নির্দেশিকা দেওয়া হয়েছে। উক্ত নির্দেশিকাতে গ্রেড-১ পাশ স্বনির্ভর গোষ্ঠীকে বা যেখানে গ্রেড-১ পাশ স্বনির্ভর গোষ্ঠী পাওয়া যাবে না সেখানে স্থানীয় উপযুক্ত ব্যক্তিকে সুপারভাইজার হিসেবে নিয়োগ করার কথা বলা হয়েছে। মজুরি প্রদানের দায়িত্ব অবশ্য সাধারনভাবে সরকারী বা পঞ্চায়েত কর্মচারীদের ওপর ন্যস্ত। কিছু কিছু ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক সরকারী বা গ্রাম পঞ্চায়েতের কর্মচারী না পাওয়া গেলে, গ্রেড-১ পাশ স্বনির্ভর গোষ্ঠীকে মজুরি দেওয়ার দায়িত্ব দেওয়া হয়েছে। দেখা গেছে স্বনির্ভর গোষ্ঠীর কাজ সাধারন ভাবে সন্তোষজনক।

এই পরিপ্রেক্ষিতে, প্রকল্পের কাজের দৈনন্দিন তদারকি ও প্রয়োজনে মজুরি দেওয়ার কাজে যাতে স্বনির্ভর গোষ্ঠী গুলিকে আরও সুষ্ঠু ভাবে ব্যবহার করা যায়, তার জন্য নিম্নলিখিত সিদ্ধান্তগুলি নেওয়া হয়েছে:

১. কাজের তদারকির ক্ষেত্রে এখন থেকে শুধুমাত্র গ্রেড-১ পাশ স্বনির্ভর দল গুলিকেই প্রকল্পের সুপারভাইজার হিসেবে নিয়োগ করতে হবে। উপরোক্ত নির্দেশিকা অনুযায়ি তারা প্রতি ৫০ জন শ্রমিক পিছু একদিনের অর্ধদক্ষ শ্রমিকের মজুরি পাবেন। যদি উপযুক্ত গ্রেড-১ পাশ স্বনির্ভর দল কোন সংসদে না পাওয়া যায়, শুধুমাত্র সেক্ষত্রে কমপক্ষে ছয় মাসের অভিজ্ঞতা সম্পন্ন স্বনির্ভর দলকে সুপারভাইজার হিসেবে নিয়োগ করা যাবে। স্বনির্ভর দলগুলিতে অবশ্যই অন্তত অষ্টম শ্রেণী পর্যন্ত পড়াশোনা করেছেন এমন একাধিক সদস্য থাকতে হবে।

২. মজুরি প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক সরকারী বা গ্রাম পঞ্চায়েত কর্মচারী পাওয়া না গেলে গ্রেড-১ পাশ স্বনির্ভর দল গুলিকে মজুরি দেওয়ার দায়িত্ব দেওয়া যেতে পারে। তবে, একই স্বনির্ভর গোষ্ঠীকে একই কাজে তদারকি ও মজুরি বন্টন উভয় দায়িত্বে নিয়োগ করা যাবে না। অর্থাৎ, যে স্বনির্ভর দলটি কোন কাজে সুপারভাইজার হিসেবে কাজ করছে, তাদের সেই কাজের মজুরি দেওয়ার দায়িত্ব দেওয়া যাবে না। মজুরি দেওয়ার কাজের জন্য স্বনির্ভর গোষ্ঠী প্রতি ২৫ জন শ্রমিক পিছু একটি অর্ধদক্ষ শ্রমিকের মজুরি পাবে।

৩. প্রত্যেকটি গ্রাম সংসদ থেকে অন্তত দুটি গ্রেড-১ পাশ স্বনির্ভর গোষ্ঠীকে চিহ্নিত করতে হবে যাদের অন্তত দুজন সদস্য ন্যূনতম অষ্টমশ্রেণি উত্তীর্ণ। এই স্বনির্ভর গোষ্ঠীগুলিকেই সংশ্লিষ্ট সংসদে প্রকল্প রূপায়ণের কাজে নিয়োগ করতে হবে। চিহ্নিত স্বনির্ভর দলগুলি থেকে অন্তত দুজন করে সদস্যকে প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা করতে হবে।

উপরোক্ত সিদ্ধান্তগুলি অবিলম্বে কার্যকার করার জন্য অনুরোধ জানাই।

আপনার বিশ্বস্ত,

প্রধান সচিব